Total No. of Printed Pages—7

**2 SEM TDC BNL MIL (A) 1**

DIBRUGARH COLLEGE CENTRAL LIBRARY ESTD 1963 DIBRUGARH

**2 0 1 8**

( May )

BENGALI

( Modern Indian Language )

**( Arts )**

Course : 201

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

*Candidates* ***eligible*** *for Internal Assessment shall answer Question Nos.* ***1*** *to* ***9***

*Full Marks* : 80
*Pass Marks* : 32/24

*Candidates* ***not eligible*** *for Internal Assessment shall answer Question Nos.* ***1*** *to* ***12***

*Full Marks* : 100
*Pass Marks* : 40/30

## ক—বিভাগ

( মূল্যাঙ্ক : ৩০ )

১। সংক্ষিপ্ত উত্তর দাও : ১×8=8

(ক) রবীন্দ্রনাথ 'সোনার তরী' কাব্যগ্রন্থটি প্রীতি-উপহার হিসেবে কাকে সমর্পণ করেন?

(খ) 'সোনার তরী'র অব্যবহিত পূর্ববর্তী কাব্যটির নাম কী?

(গ) 'সমুদ্রের প্রতি' কবিতাটির রচনাস্থল কোথায়?

(ঘ) 'যেতে নাহি দিব' কবিতায় উল্লিখিত শিশুকন্যাটির বয়স কত?

২। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও : ১১×২=২২

(ক) 'সমুদ্রের প্রতি' কবিতার মর্মার্থ বা মূল বক্তব্য তোমার নিজের ভাষায় প্রকাশ কর।

(খ) " 'বসুন্ধরা' কবিতায় কবি সারা বিশ্বের মধ্যে নিজেকে প্রসারিত ও মিশ্রিত করিয়া দিয়া জল-স্থল-অন্তরীক্ষের প্রত্যেক অবস্থার সৌন্দর্য ও রস পান করিবার জন্য আকুল হইয়াছেন।" মন্তব্যটি যথার্থ কিনা, বিচার কর।

(গ) 'যেতে নাহি দিব' কবিতাটির মূল সুর তোমার নিজের ভাষায় ব্যক্ত কর।

৩। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) "ঠাঁই নাই, ঠাঁই নাই, ছোটো সে তরী
আমারি সোনার ধানে গিয়েছে ভরি।
শ্রাবণগগন ঘিরে ঘন মেঘ ঘুরে ফিরে,
শূন্য নদীর তীরে রহিনু পড়ি—
যাহা ছিল নিয়ে গেল সোনার তরী।"

সংক্ষেপে উদ্ধৃতাংশটির তাৎপর্য বিশ্লেষণ কর।





(খ) "দিব না দিব না যেতে—ডাকিতে ডাকিতে
হু হু ক'রে তীব্র বেগে চ'লে যায় সবে
পূর্ণ করি বিশ্বতট আর্ত কলরবে।"

কোন্ কবিতায়, কাকে যেতে না দেওয়ার কথা উল্লেখ করা হয়েছে? বিষয়টি সংক্ষেপে বুঝিয়ে স্পষ্ট কর।

## খ—বিভাগ

( মূল্যাঙ্ক : ২৫ )

৪। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৪=৪

(ক) 'নেটিভ স্টেট অঞ্জনগড়'-এর আয়তন কত বর্গমাইল?

(খ) 'আদাব' গল্পের অফিসার কাকে গুলি করেছিল?

(গ) ময়না কে?

(ঘ) 'টোপ' গল্পটিতে শিকারের ক'মাস পর 'চমৎকার চটি-জোড়া' উপহার হিসেবে পার্শেলে এসেছিল?

৫। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ১৩

(ক) " 'আদাব' গল্পটিতে একই সঙ্গে মানবতার জয় ও পরাজয়ের কাহিনী অত্যন্ত নিপুণতার সহিত বর্ণিত হয়েছে।" আলোচনা কর।

(খ) '' 'ফসিল' কেবল সুবোধ ঘোষেরই নয়, বাংলা ছোটগল্পের ইতিহাসেও এক অনন্যসাধারণ নির্মাণ। এই গল্পের বিশিষ্ট প্রতিবাদী চরিত্র বৃদ্ধ দুলাল মাহাতো।'' মন্তব্যটির অনুসরণে দুলাল মাহাতো চরিত্রটি বিশ্লেষণ কর।

(গ) ভুবন মণ্ডল কোন্ গ্রামে আত্মগোপন করেছিল? গ্রামের সমস্ত মানুষ ভুবন মণ্ডলকে কেন তাদের নেতা বলে মনে করেছিল? গল্পটি অনুসরণে ভুবন মণ্ডল চরিত্রটি বিশ্লেষণ কর।

৬। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও : ৪×২=৮

(ক) 'টোপ' গল্পের রাজাবাহাদুর চরিত্রটি সংক্ষেপে আলোচনা কর।

(খ) ''অনেকক্ষণ এই সন্দিহান ও অস্বস্তিকর অবস্থায় দুজনেই অধৈর্য হয়ে পড়ে।'' 'আদাব' গল্প অবলম্বনে এই সন্দিহান ও অস্বস্তিকর অবস্থার বর্ণনা কর।

(গ) ''ঝাঁপ দিছিলা, শোও নাই। বেউলা সতী!
... তোমার লগে আইজ থেইকা শেষ।''

কে, কাকে উদ্দেশ্য করে এই কথা বলেছে? বক্তার এরূপ বলার কারণ কী? সংক্ষেপে লেখ।

(ঘ) 'টোপ' গল্পে বক্তার রাজা বাহাদুরের রামগঙ্গা এস্টেটে যাওয়ার বর্ণনা দাও।





## গ—বিভাগ

( *মূল্যাঙ্ক* : ২৫ )

৭। 'ফেরারী ফৌজ' নাটকে শান্তি রায় বিপ্লবের প্রতীক। বিপ্লবী শান্তি রায় চরিত্রটি আলোচনা কর। ১৩

*অথবা*

বিপ্লবী অশোক চট্টোপাধ্যায়ের চরিত্র আলোচনা কর।

৮। সংক্ষেপে আলোচনা কর (যে- কোন দুটি) : ৪×২=৮

(ক) বঙ্গবাসী দেবী

(খ) জ্যোতির্ময়

(গ) পুলিশ সুপার উইলমট

(ঘ) ''এ একটা আগুন, একটা হাউইয়ের সঙ্গে প্রেম করতে পারে কেউ?'' কার উক্তি? এরূপ উক্তির কারণ কী? সংক্ষেপে বুঝিয়ে দাও।

৯। এক কথায় উত্তর দাও : ১×৪=৪

(ক) মুকুন্দদাস কে?

(খ) মাস্টারদা কে?

(গ) যোগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় রচিত গ্রন্থটির নাম কী?

(ঘ) 'ফেরারী ফৌজ' নাটকের ভূমিকাটি কার লেখা?

## ঘ—বিভাগ

( আভ্যন্তরীণ মূল্যায়নের পরিবর্তে )

( *মূল্যাঙ্ক* : ২০ )

১০। এক কথায় উত্তর দাও : ১×৪=

(ক) রবীন্দ্রনাথ ঠাকুর কত বছর বয়সে 'সোনার তরী' কাব্য রচনা করেছেন?

(খ) 'যেতে নাহি দিব' কবিতায় কোন্ ঋতুর উল্লেখ আছে?

(গ) রাজা বাহাদুরের টোপ আসলে কী?

(ঘ) 'একশ বছরের সেরা গল্প' সংকলনটি কে সম্পাদনা করেছেন?

১১। সংক্ষেপে লেখ (যে-কোন একটি) : ৪

(ক) বঙ্গবাসী দেবী

(খ) 'যেতে নাহি দিব' কবিতায় গৃহিণী কি কি সরঞ্জাম তার স্বামীর জন্যে বেধে দিয়েছিল, বর্ণনা কর।



( Continued )



১২। 'ফসিল' গল্পটির মি. মুখার্জীর চরিত্রটি বিশ্লেষণ কর। ১২

*অথবা*

'হারাণের নাতজামাই' গল্পটির বিষয়বস্তু আলোচনা কর।

★★★